দৈনিক ইত্তেফাক

তারিখ ...04. FEB.1993 ... ...
পৃষ্ঠা... ১ ...কলাম... ৩ ...

১৪

# পরীক্ষাটি সুষ্ঠুভাবে অনুষ্ঠানে সহায়তা করুন — ভিসি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান মিঞা ৫ই ফেব্রুয়ারী, ১৯৯০-এর ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষা অনুষ্ঠান সম্পর্কে এক

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ভিসি

(১ম পৃঃ পর)

বিবৃতিতে বলিয়াছেন, "বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ে সেশন-জট এখন একটি সর্বজনবিদিত ব্যাপার। বহুদিন পর্যন্ত ডিগ্রী পাস পর্যায়ে আমাদের সেশন পিছাইয়া ছিল না এবং গত কয়েক বছর এ পরীক্ষাটি সংশ্লিষ্ট বছরেই অনুষ্ঠিত হইয়াছে। ১৯৯০-এর ডিগ্রী পাস পরীক্ষা গত বছর অক্টোবরে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু কতগুলি অনিবার্য কারণে এই পরীক্ষার তারিখ তিনবার পিছাইয়া ৫ই ফেব্রুয়ারী ধার্য করা হইয়াছে। এই পরীক্ষায় ১৮৮টি কলেজ হইতে ৯১ হাজার ছাত্রছাত্রী অবতীর্ণ হইতেছে। পরীক্ষাগ্রহণের জন্য সমস্ত ব্যবস্থা এবং প্রয়োজনীয় প্রস্তুতিও গ্রহণ করা হইয়াছে। এমতাবস্থায় পরীক্ষাটি যাহাতে সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হইতে পারে তাহার জন্য ছাত্র-ছাত্রী, অভিভাবক-অভিভাবিকা, শিক্ষক-শিক্ষিকা, বিভিন্ন কলেজের অধ্যক্ষ এবং পরীক্ষা পরিচালনা পরিষদের সদস্যবৃন্দ, স্থানীয় সরকারী প্রশাসন ও জনগণের নিকট আমি সবিনয় আবেদন জানাইতেছি।"